ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৪৫

কমলপুর, ৩১ জুলাই, ২০২৫

**স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে কমলপুরে প্রস্তুতি সভা**

যথাযোগ্য মর্যাদায় আগামী ১৫ আগষ্ট কমলপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে ৭৯ তম স্বাধীনতা দিবস উদযাপন করা হবে। এই উপলক্ষ্যে আজ কমলপুর মহকুমা শাসকের কার্যালয়ের সভা কক্ষে এক প্রভৃতি সভা অনুষ্ঠিত হয়। সভায় কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা, ভাইস চেয়ারপার্সন সুব্রত মজুমদার ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। কমলপুর মহকুমার মহকুমাশাসক জি. শরথ নায়েক সভায় সভাপতিত্ব করেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, ১৩ আগস্ট মহকুমার বিভিন্ন দপ্তরের কার্যালয় গুলিতে সাফাই অভিযান সংগঠিত করা হবে। ১৪ আগষ্ট সকাল ১০টায় কমলপুর নগর পঞ্চায়েতের পুকুরে সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ১৫ আগষ্ট ভোরে কমলপুর নগর পঞ্চায়েত এলাকায় প্রভাত ফেরীর আয়োজন করা হবে। সকাল ৭ টায় মহকুমার বিভিন্ন দপ্তরের অফিস প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। সকাল ৯ টায় কমলপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন, আরক্ষা দপ্তর, এনসিসি স্কাউট এন্ড গাইড কর্তৃক অভিবাদন ও কুচকাওজ প্রদর্শন করা হবে। এরপর অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়া ১৫ আগষ্ট সন্ধ্যায় কমলপুর নজরুল ভবনে অনুষ্ঠিত হবে দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান।

*****